




চিন্তা ও ভংগনত্ব পত্রিকা
9,777 followers

Follow Page

Share

মানবাধিকার অস্বীকার করার অর্থ মানুষের মানবিক সত্তা অস্বীকার করা

ফরহাদ মজহার || Thursday 18 January 24 || বিষয় অনুসারে পড়ুন : মানবাধিকার ও গণতন্ত্র
(<https://chintaa.com/index.php/chinta/showCategoryArticles/8>)



মানবাধিকার
অস্বীকার করার অর্থ
মানুষের মানবিক সত্তা
অস্বীকার করা

নেলসন মান্ডেলা
(১৯১৮-২০১৩)



A BETTER LIFE FOR ALL

আমার একটি পোস্টে আমি নেলসন মান্ডেলাকে 'কমরেড' সম্বোধন করায় আমার একজন ফেইসবুক বন্ধু জিজ্ঞাসা করেছেন তাঁকে কেন আমি 'কমরেড' সম্বোধন করলাম? ভাল প্রশ্ন।

যারা জালিমের বিরুদ্ধে মজলুমের জন্য লড়েন তাদের যথাযথ সম্মান জানাবার জন্য 'কমরেড' ঐতিহাসিক কারণেই খুবই সম্মানসূচক সম্বোধন। দক্ষিণ আফ্রিকার 'এপারথেইড' বা জাতিবৈষম্যবাদী ব্যবস্থার বিরুদ্ধে নেলসন মান্ডেলার লড়াইয়ের জন্য তাঁকে 'কমরেড' সম্বোধন করা রীতি।

এছাড়াও নেলসন মান্ডেলাকে 'কমরেড' সম্বোধন করা হয় কারণ তিনি দক্ষিণ আফ্রিকার 'আফ্রিকান ন্যাশনাল কংগ্রেস' (ANC)--এর একজন সক্রিয় সদস্য এবং শীর্ষ নেতা ছিলেন। ANC একটি সমাজতান্ত্রিক রাজনৈতিক দল যা দক্ষিণ আফ্রিকার বর্ণবাদী সরকারের বিরুদ্ধে দীর্ঘ কাল

লড়াই করেছে। যে কারণে 'কমরেড' শব্দটি সাধারণত সমাজতান্ত্রিক বা কমিউনিস্ট আন্দোলনের সদস্যদের বোঝাতে ব্যবহৃত হয়। এটি একটি সম্মানসূচক সম্বোধন যা শুধু কমিউনিস্টদের বোঝাতে ব্যবহৃত হয় না। বরং সহযোগিতা, সমর্থন এবং বন্ধুত্বের বিপ্লবী পরিভাষার রূপ নিয়েছে। বিশেষত মানুষের মুক্তির জন্য যারা নিজের জীবনের জীবন উৎসর্গ করতে রাজি থাকেন, তাঁদের ক্ষেত্রে ব্যবহার করা হয়। এই সম্বোধন এমন এক সম্পর্কের ইঙ্গিত দেয় যার গিঁট বাঁধা মৃত্যুর সঙ্গে। মৃত্যুর গালে থাপ্পড় দিয়ে যারা জীবনের জয়গান গাইতে জানেন তারাই এই সম্বোধনের উপযুক্ত।

নেলসন মান্ডেলা ANC-এর একজন শীর্ষ নেতা হিসাবে দক্ষিণ আফ্রিকার স্বাধীনতা আন্দোলনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন ছাড়াও তত্ত্বগত ও ব্যবহারিক রাজনীতির দিক থেকে অসহযোগ ও অহিংসার পাশাপাশি প্রতিরোধের রাজনীতির সংমিশ্রণ ঘটিয়ে রাজনৈতিক রণকৌশলের নতুন নজির প্রদর্শন করেছেন। সশস্ত্র ও অহিংস সংগ্রামের প্রথাগত বাইনারি কিভাবে অতিক্রম করতে হয়, নেলসন মান্ডেলা তার গুরুত্বপূর্ণ নজির। একালে যে কোন গণরাজনৈতিক ধারার জন্য নেলসন মান্ডেলা শিক্ষণীয় আদর্শ।

মান্ডেলাকে 'কমরেড' সম্বোধন করা তার রাজনৈতিক দর্শন এবং দক্ষিণ আফ্রিকার স্বাধীনতার জন্য তার সংগ্রামের প্রতি সম্মান প্রদর্শনের রীতি। এছাড়াও, 'কমরেড' শব্দটি আফ্রিকার অনেক দেশে সাধারণ সম্বোধন হিসেবে ব্যবহৃত হয়। এটি বন্ধুত্ব, সম্মান এবং সহযোগিতার মাধুর্যকে মহিমান্বিত করে।

ছাপবার জন্য এখানে ক্লিক করুন

৫০০০ বর্ণের অধিক মন্তব্যে ব্যবহার করবেন না।

0 comments

Sort by Oldest

Add a comment...

Facebook Comments Plugin



Copyright © Your Website 2016